দৈনিক বাংলা
তারিখ ... 21 OCT 1990
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

৪

38

## শিক্ষক–শিক্ষিকাদের বেতন তোলার সমস্যা

চাঁদপুর জেলার মতলব উপজেলাধীন নারায়ণপুর, নায়েরগাঁও (উঃ) ও (দঃ) এবং খাদেরগাঁও ইউনিয়নের ১৪২ জন প্রাথমিক শিক্ষক শিক্ষিকার মাসিক বেতন দীর্ঘদিন যাবৎ নারায়ণপুর অগ্রণী ব্যাংক শাখা থেকে তোলা হয়েছে কিন্তু ইদানীং মতলব উপজেলার শিক্ষা বিভাগীয় কর্মকর্তারা শিক্ষক–শিক্ষিকাদের বেতন মতলব সোনালী ব্যাংক থেকে তোলার আদেশ প্রদান করেছেন। ফলে দরিদ্র শিক্ষক–শিক্ষিকারা দূর পথে যাতায়াতের কষ্ট ছাড়াও আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছেন। উল্লেখ্য যে, উল্লিখিত এলাকা থেকে উপজেলা সদরে অবস্থিত সোনালী ব্যাংকের দূরত্ব ১০ থেকে ১২ মাইল। সেখানে যেয়ে বেতনের টাকা তুলতে হলে শিক্ষক শিক্ষিকাদের একদিন স্কুল কামাই করতে হয়। পরিণামে এলাকার গরীব ছাত্রছাত্রীদের লেখাপড়ার ক্ষতি হয়। অপরদিকে চারটি ইউনিয়নের কেন্দ্রস্থলে অবস্থিত নিকটবর্তী নারায়ণপুরস্থ অগ্রণী ব্যাংক শাখা থেকে বেতন তোলার ব্যবস্থা থাকলে শিক্ষক–শিক্ষিকাদের দূরে যাতায়াতের খরচ ও হয়রানি পোহাতে হয় না এবং স্কুল কামাই করে ছাত্র–ছাত্রীদের পড়াশোনারও ক্ষতি সাধন করতে হয় না। সুতরাং উল্লিখিত এলাকার শিক্ষক/শিক্ষিকাদের নারায়ণপুর অগ্রণী ব্যাংক থেকে বেতন তোলার ব্যবস্থা অব্যাহত রেখে তাদের এই হয়রানি ও ক্ষতি থেকে রক্ষা করা হোক। এ ব্যাপারে আশু পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

–মোঃ রফিকুল ইসলাম
বাড়েগাঁও (চাউলহাটা),
মতলব, চাঁদপুর।